যুগান্তর

তারিখ ... 16 JUN 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# ইবির ভর্তি পরীক্ষা ১৯ নভেম্বর শুরু

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষার সম্ভাব্য সূচি ১৯ নভেম্বর থেকে ২৩ নভেম্বর করা হয়েছে। বুধবার ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত ভর্তি সংক্রান্ত এক জরুরি সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও তথ্য প্রকাশনা ও জনসংযোগ অফিস সূত্রে জানায়, আসন্ন ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার সময়সূচি নির্ধারণের জন্য বুধবার এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ১৯ নভেম্বর থেকে ২৩ নভেম্বর করা হয়েছে। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) আবদুল লতিফ, আইন ও শরিয়াহ অনুষদের ডিন প্রফেসর ড. জহুরুল ইসলাম, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর ড. আবু সিনা, প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমান, ছাত্র-উপদেষ্টা প্রফেসর ড. আনোয়ার হোসেন, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন প্রফেসর ড. শামসুল আলম, ধর্মতত্ত্ব অনুষদের ডিন প্রফেসর ড. আবুল বারাকাত মোহাম্মদ ফারুক প্রমুখ।